

বিষয়: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত 'ফিডব্যাক' সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মহিদুর রহমান
যুগ্মসচিব
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ
সভার তারিখ : ২০ অক্টোবর, ২০২২
সময় : বেলা: ১২:০০ ঘটিকায়

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভায় উপস্থিত দপ্তর/সংস্থার শুদ্ধাচার ফোকাল কর্মকর্তা ও বিকল্প শুদ্ধাচার ফোকাল কর্মকর্তাগণ স্ব-স্ব দপ্তর/সংস্থার ২০২২-২০২৩ অর্থবছরের কর্ম-পরিকল্পনা ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর, ২০২২ মাসের) বাস্তবায়ন অগ্রগতি সভায় পৃথক পৃথকভাবে উপস্থাপন করেন। দেখা যায় দু'একটি লক্ষ্যমাত্রা অর্জনে কিছুটা কম থাকা ব্যতীত অধিকাংশ ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। সভাপতি বলেন, শুদ্ধাচার কার্যক্রমের যেসব লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি, তা আগামী ২য় কোয়ার্টারের মধ্যে শতভাগ বাস্তবায়ন করতে হবে।

২। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- দপ্তর/সংস্থার অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে;
- শ্রম আইন, ২০০৬ অনুযায়ী কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরকে শিল্প কলকারখানা থেকে প্রাপ্ত নতুন লাইসেন্স প্রদান/নবায়নের জন্য আবেদন স্বচ্ছভাবে লাইসেন্স প্রদান এবং নবায়ন করতে হবে;
- শ্রম আইন, ২০০৬ অনুযায়ী শ্রম অধিদপ্তরকে যথাযথভাবে ট্রেড ইউনিয়নের প্রাপ্ত আবেদনসমূহের ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন প্রদান করতে হবে;
- দপ্তর/সংস্থাকে নির্দিষ্ট সময়ের মধ্যে সিটিজেন চার্টারভুক্ত অভিযোগসমূহ যথাযথভাবে নিষ্পত্তি করতে হবে;
- মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মপরিকল্পনার তনং কার্যক্রমের শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক উল্লিখিত ৫টি কার্যক্রম যথানিয়মে বাস্তবায়ন করতে হবে।
- শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন এবং আওতাধীন আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যালয় কর্তৃক প্রণয়নকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক সভা করতে হবে।
- সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ এবং তথ্য আপলোড করতে হবে;

৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মহিদুর রহমান
যুগ্মসচিব

ও

শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়